দৈনিক সংবাদ

তারিখ 23 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ৬

22

## লক্ষ্মীছড়ি হাইস্কুল

# দেড় শতাধিক ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষার ফলাফল এখনো পায়নি

খাগড়াছড়ি, ২২শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– লক্ষিছড়ি হাইস্কুলের দেড়শতাধিক ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষার ফলাফল এখনও পায়নি। ফলে এসব ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ জীবন অনিশ্চিত হয়ে পড়েছে। ফলাফল প্রকাশের দাবি জানিয়ে গত সোমবার সকালে ছাত্রছাত্রীরা জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে ফলাফল স্থগিত ৩৯৩ জন পরীক্ষার্থীদের মধ্যে কুমিল্লা বোর্ড ১ম পর্যায়ে ১৮৬ জন ও ২য় পর্যায়ে ৪৮ জনের ফলাফল প্রদান করেছে। তবে বাকি পরীক্ষার্থীদের ফলাফল এখনও প্রকাশ করা হয়নি। প্রধান শিক্ষক কল্যাণ কুমার চাকমা দীর্ঘদিন ধরে বিভিন্ন অনিয়মের আশ্রয় নিয়ে স্কুলে এক নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি করেছে বলে ছাত্রছাত্রীরা জানায়। এদিকে স্কুলগুলোতে পুনরায় নির্বাচনী পরীক্ষা ও কলেজগুলোতে ভর্তির সময়সীমাও শেষ হতে চলেছে।

### ছাত্রদলের বিক্ষোভ

চট্টগ্রামে ছাত্রদলের ২জন নেতাকে গুলি করে হত্যার প্রতিবাদ জানিয়ে গত সোমবার সন্ধ্যায় খাগড়াছড়ি জেলা ছাত্রদল শহরে এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিলকারীরা এ হত্যার জন্য ছাত্রশিবিরকে দায়ী করে বিভিন্ন শ্লোগান দেয়। পরে সংগঠনের কার্যালয়ের সামনে এসে এক সমাবেশ করে।